



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়

GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ফোন : ৭১২৬২৮

রুক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। ইমেইল-gnhsc@yahoo.com, EINN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬

স্থাপিত : ১৯৮০ ইং



তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

“বিজ্ঞপ্তি”

বিগত ০১/০৪/২০২৬ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, বিদ্যালয়ে সিসিটিভি ক্যামেরা স্থাপনের দরপত্র আহ্বান করা হয়। এরই ধারাবাহিকতায় গত ০৭/০৪/২০২৬ তারিখ দরপত্র উন্মুক্তকরণে উপকমিটিসহ সকল কোম্পানী/প্রতিষ্ঠানের সম্মুখে প্রাপ্ত দরপত্রসমূহ অত্র বিদ্যালয়ের সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-মহোদয়ের দপ্তরে উন্মুক্ত করা হয়। দাখিলকৃত ১৭টি (সতের) কোম্পানী/প্রতিষ্ঠানের দরপত্র ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ অত্র বিদ্যালয়ের সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-মহোদয়ের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা করেন এবং যথাযথ বিধিমালা ও আইনকানুন অনুসরণপূর্বক নিম্নোক্ত বিষয়গুলো যাচাই করা হয়—

- প্রযুক্তিগত সক্ষমতা;
- পূর্ব অভিজ্ঞতা ও কাজের মান;
- সরবরাহকৃত যন্ত্রপাতির গুণগত মান ও ওয়ারেন্টি;
- দরপ্রস্তাবের আর্থিক প্রতিযোগিতা;
- বিক্রয়োত্তর সেবা।

যাচাই-বাছাই শেষে দেখা যায় যে—

- কোনো দরদাতা প্রতিষ্ঠানই দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল শর্তাবলী ও স্পেসিফিকেশন সম্পূর্ণরূপে পূরণ করতে সক্ষম হয়নি;
- কিছু প্রতিষ্ঠান আংশিক শর্ত পূরণ করলেও গুরুত্বপূর্ণ কারিগরি মানদণ্ড (যেমন: ক্যামেরার রেজুলেশন ও সংখ্যা, ডিভিয়ার/এনভিয়ার এর পূর্ণাঙ্গ তথ্য, স্টোরেজ সুবিধা, ওয়ারেন্টি, ইউপিএস সাপোর্ট, হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিন-সার্টিফিকেট, ভ্যাট-ট্যাক্স এর তথ্য, অভিজ্ঞতার সনদ ইত্যাদি) পূরণে ব্যর্থ হয়েছে;
- কিছু দরপত্রে প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ বা বিধি অনুযায়ী দাখিল করা হয়নি;
- ফলে কোনো দরপত্রকেই গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা সম্ভব হয়নি।

যেহেতু প্রাপ্ত কোনো দরপত্রই নির্ধারিত শর্তাবলী ও স্পেসিফিকেশন পূরণ করতে সক্ষম হয়নি, সেহেতু সকল দরপত্র বাতিল (Rejected) ঘোষণা করা হলো। পুনরায় সিডিউল সংগ্রহের বিজ্ঞপ্তি নিম্নোক্ত মাধ্যমে যথাযথভাবে প্রকাশ করা হলো:-

- দৈনিক আজাদী;
- বিদ্যালয়ের নোটিশ বোর্ড;
- বিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট;
- বিদ্যালয়ের অফিসিয়াল ফেইসবুক পেইজ।

এম.এ মঞ্জুর
সহকারী প্রধান শিক্ষক
ও
আহ্বায়ক

সিসিটিভি ক্যামেরা স্থাপন ও মেরামত উপকমিটি

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।
gnhsc@yahoo.com